

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৮৬

পানিসাগর, ২৯ জুন, ২০২৪

পানিসাগরে বৈদ্যুতিক শ্মশানঘাটের উদ্বোধন

পানিসাগর নগর পঞ্চায়েতের ৪নং ওয়ার্ডে গত ২৭ জুন এক অনুষ্ঠানে বৈদ্যুতিক শ্মশানঘাটের উদ্বোধন করা হয়। বিধায়ক বিনয়ভূষণ দাস এই শ্মশানঘাটের উদ্বোধন করেন। তিনি বলেন, পানিসাগর নগর পঞ্চায়েত এলাকায় এই শ্মশানঘাট নির্মিত হওয়ায় নগরবাসীর দীর্ঘ দিনের দাবি পূরণ হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, নগর পঞ্চায়েতের সদস্য-সদস্যগণ, শ্মশানঘাটের জন্য ভূমিদাতা রত্নজিৎ পুরকায়স্থ প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা সেন। অতিথিগণ নবনির্মিত শ্মশানঘাট এলাকায় বৃক্ষ রোপন করেন। নবনির্মিত শ্মশানঘাট নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ১৫ লক্ষ টাকা।
